

প্রাণবন্ত আয়োজনে অনুষ্ঠিত হলো এক্স শাহীন স্কুল এন্ড কলেজের পিকনিক

এক্স শাহীন এসোসিয়েশন ডেস্ক:  
সিডনি, অস্ট্রেলিয়া

৩০ সেপ্টেম্বর সিডনির অস্ট্রেলিয়ান মাউন্ট আনান - বিগ আইডিয়া গার্ডেনে অনুষ্ঠিত হলো এক্স বিএএফ শাহীন স্কুল এন্ড কলেজের পিকনিক। এক্স শাহীন এসোসিয়েশন এর উদ্যোগে দিনব্যাপি জমজমাট এ আয়োজনে শহরের বিভিন্ন প্রান্ত থেকে প্রতিষ্ঠানের প্রাক্তন শিক্ষক, ছাত্র-ছাত্রী ও শুভাকাংখীরা যোগ দেন।

এক্স শাহীন নাসিম সামাদ, আহবায়ক লিংকন শফিউল্লাহ সংগঠনটির উদ্দেশ্য ও এর প্রয়াস তুলে ধরেন এবং আগত সকল অতিথিদের স্বাগত জানান। সারাদিন ছিলো নানারকম খেলাধুলা আর আড্ডা। খেলাধুলার মধ্যে উল্লেখযোগ্য ছিলো পুরুষদের ৫০ মিটার দৌড়, বাচ্চাদের চকলেট দৌড়, বড়দের মোরগ লড়াই, মহিলাদের ওপেনটি বায়োস্কোপ ও বাচ্চাদের টেন্ট গেম শো। এ পর্বের তত্ত্বাবধানে ছিলেন সাইরা, ফারিহা, লিংকন, রুমানা হক, এহসান রেজা, মামুন, রাসেল, সাজ্জাদ, হাসিন ও ডাব্লিউ রুবেল।

দুপুরে ছিলো পোলাও, চিকেন রোস্ট, মাটন কারি, মাছের দোঁপিয়াজু, ভেজিটেবলসহ সুস্বাদু খাবারের ভোজ ও ফলমূল। এই পর্বের তদারকির দায়িত্বে ছিলেন রান্নাঘর মিন্টো। ১৯৯১ ব্যাচ বিভিন্ন ধরনের ফলের যোগান দেন, অতিথিগণ এধরনের আয়োজনে নতুনত্ব খোঁজে পান। এবারের পিকনিকের সবচেয়ে মজার পর্ব ছিলো মধ্যাহ্নভোজের ফাঁকে ফাঁকে নাসিম সামাদ, লিংকন, আবু রেজা আরেফিন, ফারিহাসহ অন্যান্যদের হাস্যকৌতুক রসবোধে।

এরপর বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। এ পর্বে স্পনসর করেছেন নাসিম সামাদ ও জন্মভূমি টেলিভিশন অস্ট্রেলিয়ার সিইও রাহেলা আরেফিন ও সাইরা মির্জা। পুরো অনুষ্ঠানটির ভিডিও ধারণ করেছে রুবেল। উপস্থাপনায় সর্বশেষ ছিলো র্যাফেল ড্র। এতে সামীন শাখাওয়াত জিতে নেয় 'কন্‌জুস' মঞ্চ নাটকের দু'টো টিকেট।

লিংকন শফিউল্লাহ তার অনবদ্য উপস্থাপনায় উপস্থিত সকলকে মোহিত করেন এবং সকলের আন্তরিক সহযোগিতায় প্রতি বছর পিকনিকের আয়োজন করার আশা ব্যক্ত করেন। সারাদিন হৈ চৈ, আনন্দধ্বনির মধ্যদিয়ে শেষ হয় এক্স শাহীনের এই ভিন্নধর্মী পিকনিকের।





